মিরপুরে গান পাউডারসহ কার্যক্রম নিষিদ্ধ আ.লীগের তিনজন গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুরে ২ কেজি ২৯০ গ্রাম গান পাউডারসহ নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের তিনজনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। রাজধানীর বিভিন্ন স্থানে নাশকতার পরিকল্পনার অভিযোগে তাঁদের গ্রেপ্তার করা হয়।

বুধবার (১৮ নভেম্বর) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপকমিশনার নিয়াজ মেহেদীর সই করা সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন মো. মামুন অর রশীদ (২৭), ইব্রাহিম হোসেন মুন (৫০) ও মেঘলা মিলি (৪১)। মামুন কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের সাবেক শিক্ষার্থী ও ছাত্রলীগের ১ নম্বর যুগ্ম আহ্বায়ক ছিলেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ডিসেম্বরে দেশকে অস্থিতিশীল করার পরিকল্পনা করছে একটি সংঘবদ্ধ চক্র, এমন তথ্যের ভিত্তিতে গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়। সাংবাদিক জুলকারনাইন সায়েরের প্রকাশিত একটি অডিওর সূত্র ধরে এ তৎপরতা জোরদার করা হয়। ওই অডিওতে নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের নাশকতার পরিকল্পনা নিয়ে আলোচনা ছিল।

এর ধারাবাহিকতায় মঙ্গলবার (১৭ নভেম্বর) রাত ১১টার দিকে মিরপুর-১০ এলাকায় অভিযান চালিয়ে মামুনকে গ্রেপ্তার করা হয়। পরে তাঁর দেওয়া তথ্যের ভিত্তিতে মিরপুরের অন্য একটি এলাকায় অভিযান চালিয়ে ইব্রাহিম ও মেঘলিকে গ্রেপ্তার করা হয়।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, ঢাকাসহ মিরপুরের বিভিন্ন সরকারি-বেসরকারি স্থাপনায় অগ্নিসংযোগ ও নাশকতা চালিয়ে আতঙ্ক সৃষ্টির উদ্দেশ্যে সীমান্তবর্তী এলাকা থেকে গান পাউডার সংগ্রহ করেন মামুন। মেহেরপুরের ছাত্রলীগের এক পদধারী নেতার মাধ্যমে তা সংগ্রহ করে মিরপুর ছাত্রলীগের এক নেতার মাধ্যমে ইব্রাহিম ও যুবলীগ নেত্রী মেঘলির কাছে পৌঁছে দেওয়ার পরিকল্পনা ছিল। এ কাজে নিষিদ্ধ ছাত্রলীগের এক কেন্দ্রীয় নেতা হোয়াটসঅ্যাপে সমন্বয় করতেন।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তার তিনজন ঘটনার সঙ্গে সম্পৃক্ততার কথা স্বীকার করেছেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। তাঁদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।